



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২০০.২০১৯/১৫০

তারিখ: ২৬ /০৯/১৪২৭ বঙ্গাব্দ:
২০ /০১/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : বগুড়া জেলার বগুড়া মহিলা কলেজের ইংরেজি বিষয়ের প্রভাষকের পদ সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া মহিলা কলেজটি উচ্চ মাধ্যমিক কোডে এমপিওভুক্ত। প্রতিষ্ঠানের এমপিও কোড ৭৬০২১৮৩১০। প্রতিষ্ঠানটির ডিগ্রিস্তর এমপিওভুক্ত নয়। উচ্চ মাধ্যমিক স্তরে ইংরেজি বিষয়ের অনুমোদন আছে। জনবল কাঠামোর ইংরেজি বিষয়ে একজন শিক্ষক প্রাপ্য। জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌসী, প্রভাষক-ইংরেজি গত ১১/১০/২০১৪খ্রি. তারিখে ডিগ্রিস্তরে ইংরেজি বিষয়ে যোগদান করেন। জনাব মোঃ কাওসার বানু চৌধুরী, সহকারী অধ্যাপক, ইংরেজি (ইনডেক্স নম্বর-০১৩৮৩৭৪) গত ৩১/১২/২০১৯খ্রি. তারিখে অবসর গ্রহণ করেন। বর্তমানে ইংরেজি বিষয়ের পদশূন্য থাকায় ডিগ্রিস্তর থেকে শূন্য পদে সমন্বয় করে এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা কামনা করে প্রতিষ্ঠান থেকে আবেদন করেন।

জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “প্যারটার্নভুক্ত পদ কোন কারণে শূন্য হলে বিষয়ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এমপিওভুক্ত উদ্বৃত্ত পদ হতে উক্ত পদে শিক্ষক-কর্মচারী সমন্বয় করতে হবে। এমপিওভুক্ত উদ্বৃত্ত পদের শিক্ষক কর্মচারীদের সমন্বয়ের পর অবশিষ্ট শূন্য পদে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যারটার্নভুক্ত শূন্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

এমতাবস্থায়, জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌসী, প্রভাষক-ইংরেজি এর নিয়োগ যথাযথ থাকলে এবং জ্যেষ্ঠ শিক্ষক হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(II) ধারা মোতাবেক তাকে শূন্যপদে সমন্বয় করতে কোন বাধা নাই। এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করার জন্য নর্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

বগুড়া মহিলা কলেজ, বগুড়া।

AICW ২৬-10.1.21

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

অনুলিপি:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। সভাপতি, বগুড়া মহিলা কলেজ, বগুড়া।
- ৪। সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।